# বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
Bangladesh Medical University
শাহবাগ, ঢাকা, বাংলাদেশ।

স্মারক নং-বিএমইউ/২০২৬/৯৬০৫ তারিখঃ ০৭/০৯/২০২৬খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিয়োগবিধি অনুযায়ী নিম্নেবর্ণিত পদগুলো পূরণের জন্য বাংলাদেশের নাগরিকগণের কাছ থেকে আবেদন আহবান করা যাচ্ছে ঃ

**পদের নাম ঃ অধ্যাপক, বেতন স্কেল : টাঃ ৫৬,৫০০-৭৪,৪০০/-**

| ক্র.নং | বিভাগের নাম | পদ সংখ্যা | ক্র.নং | বিভাগের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | এ্যানেসথেসিয়া, এনালজেসিয়া এন্ড ইনটেনসিভ কেয়ার মেডিসিন বিভাগ | ০১টি | ২. | ফার্মাকোলজি বিভাগ | ০১টি |
| ৩. | মাইক্রোবায়োলজি এন্ড ইমিউনোলজি বিভাগ | ০১টি | | | |

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ**

১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রী থাকিতে হইবে; যাহা বিএমএন্ডডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।
২. নির্দিষ্ট বিষয়ে এমএস/এমডি/এফসিপিএস/এমফিল (শুধু মাত্র বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদ ক্ষেত্রে প্রযোজ্য)/সমমানের ডিগ্রী থাকিতে হইবে; যাহা বিএমএন্ডডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।
৩. সহযোগী অধ্যাপক হিসাবে বিশ্ববিদ্যালয়ে ০৫ (পাঁচ) বৎসর এবং অধিভূক্ত প্রতিষ্ঠানে ০৬ (ছয়) বৎসরসহ মোট যথাক্রমে ১০ (দশ) বৎসর ও ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪. সকল ক্ষেত্রে স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ১২ (বার) টি অরিজিনাল আর্টিকেল থাকিতে হইবে। বিএমএন্ডডিসি স্বীকৃত জার্নাল, বাংলাজল, PubMed, Scopus এবং Web of Science এই জার্নালগুলোর প্রকাশনা গ্রহণযোগ্য। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬টি প্রকাশনা থাকিতে হবে যার মধ্যে First Author/ Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে এবং মোট প্রকাশনার ন্যূনতম ০২টি প্রকাশনা Scopus/PubMed Indexed জার্নালে হইতে হইবে।
৫. Medical Education সংক্রান্ত Teaching-learning, Instructional Material Development, Assessment, Curriculum Development and Evaluation Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ডিগ্রী অর্জনকরীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৬. পিএইচডি ডিগ্রিকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। পিএইচডি ডিগ্রি বিএমএন্ডডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।
৭. বয়স সীমা সর্বোচ্চ ৫৫ বৎসর হতে হবে। (আবেদনপত্র জমার শেষ দিন)। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।

**পদের নাম ঃ সহযোগী অধ্যাপক, বেতন স্কেল : টাঃ ৫০,০০০-৭১,২০০/-**

| ক্র.নং | বিভাগের নাম | পদ সংখ্যা | ক্র.নং | বিভাগের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | এ্যানেসথেসিয়া, এনালজেসিয়া এন্ড ইনটেনসিভ কেয়ার মেডিসিন বিভাগ | ০৪টি | ২. | ফার্মাকোলজি বিভাগ | ০১টি |
| ৩. | ভাসকুলার সার্জারি বিভাগ | ০১টি | | | |

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ**

১. এমবিবিএস/বিডিএস/সমমানের ডিগ্রী থাকিতে হইবে; যাহা বিএমএন্ডডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।
২. বিষয় ভিত্তিক এমডি/এমএস/এফসিপিএস/এমফিল (শুধু মাত্র বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদ ক্ষেত্রে প্রযোজ্য)/সমমানের ডিগ্রী থাকিতে হইবে; যাহা বিএমএন্ডডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।
৩. সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয়ে ০৪ (চার) বৎসর এবং অধিভূক্ত প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪. সকল ক্ষেত্রে স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৬ (ছয়) টি অরিজিনাল আর্টিকেল থাকিতে হইবে। বিএমএন্ডডিসি স্বীকৃত জার্নাল, বাংলাজল, PubMed, Scopus এবং Web of Science এই জার্নালগুলোর প্রকাশনা গ্রহণযোগ্য। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩টি প্রকাশনা থাকিতে হবে যার মধ্যে First Author/ Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে এবং মোট প্রকাশনার ন্যূনতম ০১টি প্রকাশনা Scopus/PubMed Indexed জার্নালে হইতে হইবে।
৫. Medical Education সংক্রান্ত Teaching-learning, Instructional Material Development, Assessment, Curriculum Development and Evaluation Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ডিগ্রী অর্জনকরীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৬. পিএইচডি ডিগ্রিকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। পিএইচডি ডিগ্রি বিএমএন্ডডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।
৭. বয়স সীমা সর্বোচ্চ ৫০ বৎসর হতে হবে। (আবেদনপত্র জমার শেষ দিন)। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।

**পদের নাম ঃ সহকারী অধ্যাপক, বেতন স্কেল : টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-**

| ক্র.নং | বিভাগের নাম | পদ সংখ্যা | ক্র.নং | বিভাগের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | ফার্মাকোলজি বিভাগ | ০২টি | ২. | চক্ষু বিজ্ঞান বিভাগ | ০১টি |
| ৩. | রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ | ০৫টি | ৪. | ইন্টারনাল মেডিসিন বিভাগ (জেরিয়াট্রিক মেডিসিন) | ০১টি |

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ**

১. এমবিবিএস/বিডিএস ডিগ্রী, যা বিএমএন্ডডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে। বিষয় ভিত্তিক এমডি/এমএস/এফসিপিএস/এমফিল (শুধু মাত্র বেসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদ ক্ষেত্রে প্রযোজ্য)/ সমমানের ডিগ্রী (বিষয়ভিত্তিক); যাহা বিএমএন্ডডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।
২. বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। (এমডি/এমএস/এফসিপিএস ডিগ্রীকে যেহেতু ০৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হয় সেহেতু এসব ডিগ্রী থাকিলে এই অভিজ্ঞতার প্রয়োজন হইবে না। এমফিল ডিগ্রীধারীদের ক্ষেত্রে এক বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হইবে।)
৩. সকল ক্ষেত্রে স্বীকৃত কোনো জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি অরিজিনাল আর্টিকেল থাকিতে হইবে। বিএমএন্ডডিসি স্বীকৃত জার্নাল, বাংলাজল, PubMed, Scopus এবং Web of Science এই জার্নালগুলোর প্রকাশনা গ্রহণযোগ্য। যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে।
৪. Medical Education সংক্রান্ত Teaching- learming Instructional Material Development, Assessment, Curriculum Development, and Evaluation I Educational Management বিষয়াবলিতে কমপক্ষে ০৩ (তিন) মাসের ট্রেনিং/ডিগ্রী অর্জনকারীদের অতিরিক্ত অগ্রাধিকার দেওয়া হইবে। পিএইচডি ডিগ্রিকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। পিইচডি ডিগ্রি বিএমএন্ডডিসি ও বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হইতে হইবে।
৫. বয়স সীমা সর্বোচ্চ ৪৫ বৎসর হতে হবে। (আবেদনপত্র জমার শেষ দিন)। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।

**শর্তাবলী ঃ**

১. প্রার্থীগণকে রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে পূবালী ব্যাংক লিঃ, ঢাকার শাহবাগ এভিনিউ শাখার উপর ৬,০০/-(ছয়শত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ নিম্নস্বাক্ষরকারীর অফিসে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রাপ্তব্য নির্দিষ্ট আবেদনপত্রে ১০ (দশ) কপি আবেদন, পাসপোর্ট আকারের ১০ (দশ) কপি রঙিন ছবি, ১০(দশ) কপি গবেষণা প্রকাশনাসমূহের ফটোকপি (শিক্ষকবৃন্দের ক্ষেত্রে), ১০ (দশ) কপি বিএমএন্ডডিসি'র হালনাগাদ রেজিস্ট্রেশনের ফটোকপি ও ১০ (দশ) সেট সকল সার্টিফিকেটের ফটোকপিসহ আগামী ২২/০৯/২০২৬ইং তারিখ, মঙ্গলবার, বেলা ০২-৩০টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌঁছাতে হবে।

২. সিন্ডিকেটের ৯৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ফার্মাকোলজি বিভাগে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীকে বিএমইউ এবং বিএমইউ অধিভুক্ত প্রতিষ্ঠানে চাকুরীর অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক নয় বিধায় সকল প্রতিষ্ঠানে (বিএমইউ এবং বিএমইউ অধিভূক্ত ও নন-অধিভূক্ত) কর্মরত প্রার্থীগণ উক্ত বিভাগে আবেদন করিতে পারিবেন। উল্লেখ্য যে, অন্য সকল বিভাগের ক্ষেত্রে আবেদনকারীকে বিএমইউ এবং শুধুমাত্র বিএমইউ অধিভূক্ত প্রতিষ্ঠানে চাকুরীর অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

৩. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪. বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠান ব্যাতীত অন্য কোনো প্রতিষ্ঠানের চাকরি শিক্ষকতার অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হবে না। তবে এই ধারা ফার্মাকোলজি এবং বায়োকেমিস্ট্রি ও মলিকুলার বায়োলজি বিভাগের ক্ষেত্রে শিথিলযোগ্য।

৫. অসম্পুর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৬. নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. জাতীয় বেতন স্কেল অনুযায়ী বেতন ও গ্রেড নির্ধারিত হইবে।

৯. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bmu.ac.bd) থেকে নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

০৭/০৭/২৬ইং

(অধ্যাপক ডা. মোঃ মোস্তফা কামাল)
রেজিস্ট্রার